

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ  
ও

রিটার্নিং অফিসারের কার্যালয়।

স্মারক নম্বর- ০৫.৪৩.৬৪০০.১১১.০৪.০২২.২৩-৮০

তারিখ: ১৭ জানুয়ারি ২০২৪ খ্রি।


বিষয়: আসন্ন ৪৭ নওগাঁ-২ সংসদীয় আসনে জাতীয় সংসদ নির্বাচন-২০২৪ উপলক্ষ্যে নির্বাচনে অংশগ্রহণকারী/প্রস্তাবকারী/সমর্থনকারীদের নির্বাচনি আচরণ বিধিমালা প্রতিপালন প্রসঙ্গে।

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪ এ একজন বৈধ প্রার্থীর মৃত্যুজনিত কারণে বাতিলকৃত ৪৭ নওগাঁ-২ সংসদীয় আসনে নতুনভাবে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক তফসিল ঘোষণা করা হয়েছে। ঘোষিত তফসিল অনুযায়ী নওগাঁ জেলার উল্লিখিত সংসদীয় আসনে আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন উপলক্ষ্যে তফসিল ঘোষণার তারিখ থেকে নির্বাচনের ফলাফল সরকারি গেজেটে প্রকাশের তারিখ পর্যন্ত সময়কালে সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮ প্রতিপালন করা প্রত্যেক দল, প্রার্থী বা সংশ্লিষ্টদের জন্য বাধ্যতামূলক। নির্বাচনি আচরণ বিধিমালা সংক্রান্ত বুকলেট মনোনয়নপত্রের সাথে সরবরাহ করা হয়েছে এবং নির্বাচন কমিশনের ওয়েবসাইটে আপলোড করা রয়েছে। কোনো প্রার্থী/তীর প্রস্তাবক/সমর্থক নির্বাচনি আচরণ বিধিমালা ভঙ্গ করলে তার বিরুদ্ধে উক্ত বিধিমালা এবং নির্বাচন সম্পর্কিত আইন মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। নির্বাচনি আচরণ বিধিমালা অনুযায়ী নিম্নবর্ণিত কার্যক্রমের বিষয়ে সতর্ক থাকার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো।

- কোনো প্রার্থী বা তার পক্ষে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানে চাঁদা/অনুদান প্রদান নিষিদ্ধ।
- যথাযথ কর্তৃপক্ষের লিখিত পূর্বানুমতি ব্যতিরেকে সভা-সমাবেশ করা যাবে না।
- পোস্টার, লিফলেট, হ্যান্ডবিল, দেওয়াল লিখন সংক্রান্ত বিধি নিষেধ যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
- যানবাহন ব্যবহার, গেইট বা তোরণ নির্মাণ, ক্যাম্প স্থাপন ও আলোকসজ্জা সংক্রান্ত বিধি নিষেধ প্রতিপালন করতে হবে।
- উস্কানিমূলক বক্তব্য বা উচ্ছৃঙ্খল আচরণ, মাইক বা শব্দ যন্ত্রের ব্যবহার সম্পর্কিত বিধি নিষেধ প্রতিপালন করতে হবে।
- প্রকল্প অনুমোদন, ফলক উন্মোচন নিষিদ্ধ।
- মনোনয়নপত্র দাখিলের সময় কোনো মিছিল বা শোডাউন করা যাবে না বা অন্য কোনো প্রতিদ্বন্দ্বী প্রার্থীর মনোনয়নপত্র দাখিলে বাধা দেওয়া যাবে না।
- সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি তীর সরকারি কর্মসূচির সাথে নির্বাচনি কর্মকান্ড যোগ করতে পারবেন না।
- সরকারি ডাক-বাংলো, রেস্ট হাউজ, সার্কিট হাউজ বা কোনো সরকারি কার্যালয়কে কোনো দল বা প্রার্থীর পক্ষে বা বিপক্ষে প্রচারের স্থান হিসেবে ব্যবহার করা যাবে না।

প্রাপক:

-----  
-----  
-----


  
১৭/১/২০২৪  
(মোঃ গোলাম মওলা)  
জেলা প্রশাসক, নওগাঁ  
ও  
রিটার্নিং অফিসার  
৪৭ নওগাঁ-২

স্মারক নম্বর- ০৫.৪৩.৬৪০০.১১১.০৪.০২২.২৩-৮০

তারিখ: ১৭ জানুয়ারি ২০২৪ খ্রি।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩। পুলিশ সুপার, নওগাঁ।
- ৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ৫। জেলা নির্বাচন অফিসার, নওগাঁ।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, পল্লীতলা/ধামইরহাট, নওগাঁ ও সহকারি রিটার্নিং অফিসার, ৪৭ নওগাঁ-২ (মনোনয়নপত্র দাখিলকারীদের অবহিত করার অনুরোধসহ)।
- ৭। উপপরিচালক, জেলা তথ্য অফিস, নওগাঁ।
- ৮। উপজেলা নির্বাচন অফিসার, পল্লীতলা/ধামইরহাট, নওগাঁ।
- ৯। অফিস কপি।

  
১৭/১/২০২৪  
জেলা প্রশাসক, নওগাঁ  
ও  
রিটার্নিং অফিসার  
৪৭ নওগাঁ-২